গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............ ৩

প্রস্তাবনা ............ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ............ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ............ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ............ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............ ১৬

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ............ ১৭

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............ ১৮

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মানসম্মত প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অঙ্গীকারাবদ্ধ। শ্রেণিকক্ষে শিক্ষক ও শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন করতে ৩৮,২৩৯ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং ৩৯,৫০০টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতন করে গড়ে তুলতে ও শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ১৯,৯০০টি নলকূপ স্থাপন ও ২৩,৩৯০টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। প্রতি বৎসর জানুয়ারির ১ তারিখে সকল শিক্ষার্থীকে বিনামূল্যে চার রঙে মুদ্রিত পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। ২০১৭-১৮ অর্থ বৎসর থেকে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রাপ্যতাযোগ্য সকল শিক্ষার্থীর মায়ের এ্যাকাউন্টে উপবৃত্তির অর্থ প্রদান করা হচ্ছে। শিশুদের পুষ্টিহীনতা ও স্বাস্থ্যঝুকি হ্রাস করতে ১০৪ উপজেলায় স্কুল ফিডিং কার্যক্রম চালু করা হয়েছে। শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন ১২টি পিটিআই স্থাপন করা হয়েছে। প্রতিবছর সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান” (SLIP) বাস্তবায়নের জন্য বাৎসরিক ৫০ হাজার থেকে ১ লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান অব্যাহত রয়েছে। সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ও ছাত্রীদের অংশগ্রহণে যথাক্রমে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো’র আওতায় “মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)“ এর ১ম ধাপে ৬৩ জেলায় ১৩৮ উপজেলায় ৩৯,৩১১ শিখন কেন্দ্রের মাধ্যমে ২৩,৫৯,৪৪১ জন নিরক্ষর নারী-পুরুষকে সাক্ষরতা প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ এবং ঝরে পড়ার হার হ্রাসকরণ। কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাভাবিক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা। শিক্ষক নিয়োগ, ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ ও সংস্কারের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন নিশ্চিত করা। দরিদ্র ও অস্বচ্ছল অভিভাবকগণকে তাঁদের শিশুদের বিদ্যালয়ে প্রেরণে উদ্বুদ্ধ করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

“Covid-19 Response and Recovery Plan” বাস্তবায়নের মাধ্যমে সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্লাটফর্মের দ্বারা পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখা হবে। ২০২৩ সালের মধ্যে Civil Registration and Vital Statistics (CRVS) এর সাথে সম্পৃক্ততা বজায় রেখে সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়ন করা হবে। পর্যায়ক্রমে সকল দুই শিফটের বিদ্যালয়কে এক শিফটে রুপান্তর করে শিক্ষণ-শেখন সময় বৃদ্ধি করা হবে। ২০২৩ সালের মধ্যে জাতীয় শিক্ষানীতি, ২০১০ এর আলোকে প্রাক-প্রাথমিক স্তর এক বছর থেকে দুই বছরে উন্নীত করা হবে। ২০২৩ সালের মধ্যে প্রাথমিক বিদ্যালয় বহির্ভূত ও ঝড়ে পরা ৮-১৪ বছর বয়সী ১০ লক্ষ শিক্ষার্থীর দ্বিতীয় বারে প্রাথমিক শিক্ষার সুযোগ সৃষ্টি ও মূলধারায় সংযুক্ত করা হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রাপ্যতাযোগ্য শতভাগ শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান;
- ১ জানুয়ারি, ২০২২ তারিখে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ;
- প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার লক্ষ্যে ৩১ মে, ২০২২ তারিখে একটি ইন্টিগ্রেটেড ড্যাসবোর্ড প্রচলন ;
- পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য ২৫,০০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান;
- সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল লেভেল ইম্প্রুভমেন্ট প্লান (SLIP) বাস্তবায়ন; এবং
- দেশের ২১ লক্ষ নিরক্ষর ব্যক্তিকে সাক্ষরজ্ঞান প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী, প্রতিনিধি হিসাবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

মানসম্মত প্রাক-প্রাথমিক, প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা প্রদান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগত মানোন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক, একীভূত ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ।
২. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।
৩. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ।
৪. উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়ন;
৩. উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির বাস্তবায়ন;
৪. প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম পরিমার্জন;
৫. প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ এবং বিতরণ; এবং
৬. প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| ২০২৫ সালের মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার ৯১% এ উন্নীতকরণ। | প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার। | % | ৮৫.০০ | ৮৬.০০ | ৮৮.০০ | ৮৮.০০ | ৮৮.০০ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা। |
| ২০২৫ সালের মধ্যে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষক-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত (১:৩০) অর্জন। | শিক্ষক-শিক্ষার্থী অনুপাত | অনুপাত | ১:৩৪ | ১:৩৩ | ১:৩১ | ১:৩০ | ১:৩০ | জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা। |
| ২০২২ সালের মধ্যে ৩৩.৭৯ মিলিয়ন নিরক্ষর ব্যক্তিদের হতে ৪৫ লক্ষ নিরক্ষর ব্যক্তিকে (১৫+) সাক্ষরতা প্রদানের মাধ্যমে সাক্ষরতার হার বৃদ্ধি। | সাক্ষরতার হার | % | ৭৪.০০ | ৭৪:৫০ | ৭৫.৫০ | ৭৬.০০ | ৭৬.৫০ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ। | ২৪ | [১.১] শিক্ষাবর্ষের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.১.১] নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক বিতরণ। | তারিখ | তারিখ | ৫ | ০১.০১.২০ | ০১.০১.২১ | ০১.০১.২২ | ১০.০১.২২ | ২০.০১.২২ | ২৫.০১.২২ | ৩১.০১.২২ | ০১.০১.২৩ | ০১.০১.২৪ |
| | | [১.২] প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার লক্ষ্যে একটি ইন্টিগ্রেটেড ড্যাসবোর্ড প্রচলন। | [১.২.১] নির্ধারিত সময়ে ড্যাসবোর্ডের প্রচলন। | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৫.২২ | ১০.০৬.২২ | ২০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | ৩১.০৫.২৩ | ৩১.০৫.২৪ |
| | | [১.৩] কোভিড-১৯ রিকভারী প্লান অনুযায়ী অনলাইন, অফলাইন ও গণমাধ্যমে (টেলিভিশন, রেডিও) পাঠদান কার্যক্রম। | [১.৩.১] পাঠদানকৃত শিক্ষার্থী। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (লক্ষ)) | ৪ | | ১২০ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ৮০ | ১২০ | ১২০ |
| | | [১.৪] দুই বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা সমীক্ষা ও শিক্ষাক্রম পরিবিক্ষণ এবং প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ। | [১.৪.১] সজ্জিতকৃত বিদ্যালয়ের সংখ্যা। | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬৫০০০ | ৬০০০০ | ৫৫০০০ | ৫০০০০ | ৪৫০০০ | ৬৫০০০ | ৬৫৫৬৫ |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ের মধ্যে দুই বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা চালুর জন্য সমীক্ষা সম্পন্ন। | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২২ | ১০.০৬.২২ | ২০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | ৩১.০৫.২৩ | ৩১.০৫.২৪ |
| | | | [১.৪.৩] প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পাইলটিং বাস্তবায়নকৃত বিদ্যালয়। | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] শ্রেণিকক্ষ নির্মাণ। | [১.৫.১] নির্মিত শ্রেণিকক্ষ। | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১২০০০ | ১১০০০ | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ১২০০০ | ১৪০০০ |
| | | [১.৬] সকল প্রাপ্যতাযোগ্য শিক্ষার্থীর জন্য উপবৃত্তি কার্যক্রম। | [১.৬.১] বৃত্তি প্রাপ্যতাযোগ্য ছাত্র-ছাত্রী। | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| [২] মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ। | ২৩ | [২.১] কোভিড-১৯ রিকভারি প্লান অনুযায়ী শিক্ষার্থীর শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট, অনলাইন পাঠদান, বার্ষিক পরীক্ষা, সমাপনী পরীক্ষা ইত্যাদির মূল্যায়ন। | [২.১.১] শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট মূল্যায়নের জন্য নির্বাচিত বিদ্যালয়। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ৩০০ | ২৮০ | ২৬০ | ২৩০ | ২০০ | ৮০০ | ১০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.২] নির্ধারিত সময়ে বার্ষিক পরীক্ষা/মূল্যায়ন (১ম-৪র্থ শ্রেণি) অনুষ্ঠিত। | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২১ | ১৬.১২.২১ | ১৭.১২.২১ | ১৮.১২.২১ | ১৯.১২.২১ | ১৫.১২.২২ | ১৫.১২.২৩ |
| | | | [২.১.৩] নির্ধারিত সময়ে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/মূল্যায়ন অনুষ্ঠিত। | তারিখ | তারিখ | ১ | ২৬.১১.১৯ | | ৩০.১১.২১ | ০১.১২.২১ | ০২.১২.২১ | ০৩.১২.২১ | ০৪.১২.২১ | ৩০.১১.২২ | ৩০.১১.২৩ |
| | | [২.২] শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ প্রদান। | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ২০৩০৮ | ১৫০০০ | ১০০০০ | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ১০০০০ | ১০০০০ |
| | | [২.৩] প্রাক-প্রাথমিক শিক্ষকদের বিশেষায়িত প্রশিক্ষণ। | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১০০০ | ১২০০ |
| | | [২.৪] মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বিশেষ লার্নিং সেশন আয়োজন। | [২.৪.১] আয়োজিত লার্নিং সেশন। | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| | | [২.৫] শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ প্রদান। | [২.৫.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০১৮০ | ১০০০০ | ১৫০০০ | ১৩৫০০ | ১২০০০ | ১০৫০০ | ৯০০০ | ১৫০০০ | ২০০০০ |
| | | [২.৬] প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার অনুসন্ধান ও সমাধানের উপায় নির্ণয় সংক্রান্ত গবেষণা সম্পাদন। | [২.৬.১] সম্পাদিত গবেষণা। | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ২ | ১ | | | | ৩ | ৩ |
| | | [২.৭] ইন্টিগ্রেটেড সফটওয়্যারের উপর ওরিয়েন্টেশন প্রদান (প্রশিক্ষণ)। | [২.৭.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | ২০০০ | ২০০০ |
| | | [২.৮] "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ। | [২.৮.১] প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত। | তারিখ | তারিখ | ২ | ৩১.১২.১৯ | ৩১.০১.২১ | ৩১.০৩.২২ | ১৫.০৪.২২ | ৩০.০৪.২২ | ১৫.০৫.২২ | ৩১.০৫.২২ | ৩১.০৩.২৩ | ৩১.০৩.২৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৯] গণিত অলিম্পিয়াডের শিখন কৌশল একীভূতকরণ এবং এনসিটিবির প্রণীত শিক্ষক সংস্করণ/শিক্ষক সহায়িকা/শিক্ষক নির্দেশিকায় অন্তর্ভুক্তিকরণ। | [২.৯.১] নির্ধারিত সময়ে অন্তর্ভুক্তকৃত। | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৫.২২ | ১০.০৬.২২ | ২০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | ৩১.০৫.২৩ | ৩১.০৫.২৪ |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ। | ১৩ | [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন। | [৩.১.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়িত বিদ্যালয়। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৬ | ৬৫৩৭১ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৪৫০০ | | | | ৬৫৫০০ | ৬৫৫০০ |
| | | [৩.২] শিক্ষকদের বদলী কার্যক্রম অনলাইনে পরিচালনা। | [৩.২.১] নির্ধারিত সময়ে অনলাইন বদলী চালুকরণ। | তারিখ | তারিখ | ৪ | | | ৩০.০৪.২২ | ১৫.০৫.২২ | ৩১.০৫.২২ | ১৫.০৬.২২ | ৩০.০৬.২২ | | |
| | | [৩.৩] উপজেলা পর্যায় পর্যন্ত iBas++ সিস্টেমের মাধ্যমে বাজেট বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ। | [৩.৩.১] iBas++ সিস্টেমে বাজেট বাস্তবায়নকৃত Cost Centre। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১১০০ | ১১৩৬ |
| [৪] উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ। | ১০ | [৪.১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে নিরক্ষরকে সাক্ষরতা দান। | [৪.১.১] নির্দিষ্ট সংখ্যক শিখনকেন্দ্র চালুকরণ। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৩৯৩১১ | | ৩৫০০০ | ৩৪০০০ | ৩৩০০০ | ৩২০০০ | ৩১০০০ | | |
| | | | [৪.১.২] নির্দিষ্ট সংখ্যক নিরক্ষরকে সাক্ষরতা দান। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (লক্ষ) | ৩ | | | ২১.০ | ১৯.০ | ১৭.০ | ১৫.০ | ১৩.০ | | |
| | | [৪.২] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন। | [৪.২.১] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত। | তারিখ | তারিখ | ২ | | | ০৮.০৯.২১ | | | | | ০৮.০৯.২২ | ০৮.০৯.২৩ |
| | | [৪.৩] বিদ্যালয় বহির্ভূত ও ঝরে পড়া ৮-১৪ বছর বয়সী শিশুদের শিখন কেন্দ্রে ভর্তি। | [৪.৩.১] ভর্তিকৃত শিক্ষার্থী। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা (লক্ষ) | ২ | | | ৪.০ | ৩.৬ | ৩.২ | ২.৮ | ২.৪ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ২৮.০৭.২০২১<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২৮.০৭.২০২১<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ২ | এডিপি | এ্যানুয়াল ডেভলাপমেন্ট প্রোগ্রাম |
| ৩ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সটবুক বোর্ড |
| ৪ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ৫ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৬ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ৭ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৮ | নেপ | ন্যাশনাল একাডেমি ফর প্রাইমারি এডুকেশন |
| ৯ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ১০ | পিটিআই | প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট |
| ১১ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ১২ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ১৩ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ১৪ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস |
| ১৫ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন |
| ১৬ | স্লিপ | স্কুল লেভেল ইম্প্রুভমেন্ট প্লান |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] শিক্ষাবর্ষের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.১.১] নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক বিতরণ। | বিদ্যালয় অনুবিভাগ | বই বিতরণ সম্পর্কে মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী। এ সংক্রান্ত সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়ন পত্র। |
| [১.২] প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার লক্ষ্যে একটি ইন্টিগ্রেটেড ড্যাসবোর্ড প্রচলন। | [১.২.১] নির্ধারিত সময়ে ড্যাসবোর্ডের প্রচলন। | উন্নয়ন অনুবিভাগ | নির্ধারিত তারিখে ড্যাসবোর্ড চালুর স্ক্রীনশট এবং ইন্টিগ্রেটেড সফটওয়্যারসমূহের তালিকা সম্বলিত প্রতিবেদন। |
| [১.৩] কোভিড-১৯ রিকভারী প্লান অনুযায়ী অনলাইন, অফলাইন ও গণমাধ্যমে (টেলিভিশন, রেডিও) পাঠদান কার্যক্রম। | [১.৩.১] পাঠদানকৃত শিক্ষার্থী। | বিদ্যালয় অনুবিভাগ | ইমপ্যাক্ট সার্ভে রিপোর্ট। |
| [১.৪] দুই বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা সমীক্ষা ও শিক্ষাক্রম পরিবিক্ষণ এবং প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ। | [১.৪.১] সজ্জিতকৃত বিদ্যালয়ের সংখ্যা। | বিদ্যালয় অনুবিভাগ | অর্থ বরাদ্দের সরকারি পত্রের কপি এবং জেলাওয়ারী বিদ্যালয়ের তালিকা। |
| | [১.৪.২] নির্ধারিত সময়ের মধ্যে দুই বছর মেয়াদি প্রাক-প্রাথমিক শিক্ষা চালুর জন্য সমীক্ষা সম্পন্ন। | বিদ্যালয় অনুবিভাগ | সমীক্ষা সম্পন্নের প্রতিবেদন। |
| | [১.৪.৩] প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পাইলটিং বাস্তবায়নকৃত বিদ্যালয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এনসিটিবি। | বিদ্যালয়ের তালিকা ও বাস্তবায়নের প্রতিবেদন। |
| [১.৫] শ্রেণিকক্ষ নির্মাণ। | [১.৫.১] নির্মিত শ্রেণিকক্ষ। | উন্নয়ন অনুবিভাগ | জেলাওয়ারী বিদ্যালয়ের তালিকাসহ প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র। প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী। |
| [১.৬] সকল প্রাপ্যতাযোগ্য শিক্ষার্থীর জন্য উপবৃত্তি কার্যক্রম। | [১.৬.১] বৃত্তি প্রাপ্যতাযোগ্য ছাত্র-ছাত্রী। | উন্নয়ন অনুবিভাগ | এই অর্জন সংক্রান্ত মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী। |
| [২.১] কোভিড-১৯ রিকভারি প্লান অনুযায়ী শিক্ষার্থীর শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট, অনলাইন পাঠদান, বার্ষিক পরীক্ষা, সমাপনী পরীক্ষা ইত্যাদির মূল্যায়ন। | [২.১.১] শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট মূল্যায়নের জন্য নির্বাচিত বিদ্যালয়। | বিদ্যালয় অনুবিভাগ | বিদ্যালয়ের তালিকা ও মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদন। |
| [২.১] কোভিড-১৯ রিকভারি প্লান অনুযায়ী শিক্ষার্থীর শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট, অনলাইন পাঠদান, বার্ষিক পরীক্ষা, সমাপনী পরীক্ষা ইত্যাদির মূল্যায়ন। | [২.১.২] নির্ধারিত সময়ে বার্ষিক পরীক্ষা/মূল্যায়ন (১ম-৪র্থ শ্রেণি) অনুষ্ঠিত। | বিদ্যালয় অনুবিভাগ | পরীক্ষার/মূল্যায়নের সময়সূচি এবং এ সংক্রান্ত অফিস আদেশ। প্রযোজ্য ক্ষেত্রে সভার কার্যবিবরণী। |
| | [২.১.৩] নির্ধারিত সময়ে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/মূল্যায়ন অনুষ্ঠিত। | বিদ্যালয় অনুবিভাগ | পরীক্ষার/মূল্যায়নের সময়সূচি এবং এ সংক্রান্ত অফিস আদেশ। প্রযোজ্য ক্ষেত্রে সভার কার্যবিবরণী। |
| [২.২] শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ প্রদান। | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | বিদ্যালয় অনুবিভাগ | প্রশিক্ষণের তারিখ ও সময় উল্লেখপূর্বক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যার (জেলাওয়ারী) সমন্বিত প্রতিবেদন। |
| [২.৩] প্রাক-প্রাথমিক শিক্ষকদের বিশেষায়িত প্রশিক্ষণ। | [২.৩.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | উন্নয়ন অনুবিভাগ | প্রশিক্ষণের তারিখ ও সময় উল্লেখপূর্বক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যার (জেলাওয়ারী) সমন্বিত প্রতিবেদন। |
| [২.৪] মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বিশেষ লার্নিং সেশন আয়োজন। | [২.৪.১] আয়োজিত লার্নিং সেশন। | প্রশাসন অনুবিভাগ | লার্নিং সেশন আয়োজনের অফিস আদেশ ও হাজিরা। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৫] শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ প্রদান। | [২.৫.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | উন্নয়ন অনুবিভাগ | প্রশিক্ষণের তারিখ ও সময় উল্লেখপূর্বক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যার (জেলাওয়ারী) সমন্বিত প্রতিবেদন। |
| [২.৬] প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার অনুসন্ধান ও সমাধানের উপায় নির্ণয় সংক্রান্ত গবেষণা সম্পাদন। | [২.৬.১] সম্পাদিত গবেষণা। | বিদ্যালয় অনুবিভাগ | গবেষণা প্রতিবেদন। |
| [২.৭] ইন্টিগ্রেটেড সফটওয়্যারের উপর ওরিয়েন্টেশন প্রদান (প্রশিক্ষণ)। | [২.৭.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। | প্রশাসন অনুবিভাগ | প্রশিক্ষণের তারিখ ও সময় উল্লেখপূর্বক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সংখ্যার (জেলাওয়ারী) সমন্বিত প্রতিবেদন। |
| [২.৮] "এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস" প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ। | [২.৮.১] প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত। | উন্নয়ন অনুবিভাগ | প্রকাশিত প্রতিবেদনের কপি এবং নির্ধারিত তারিখে ওয়েবসাইটে প্রকাশের স্ক্রীনশট। এই অর্জন সংক্রান্ত মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট সভার কার্যবিবরনী। |
| [২.৯] গণিত অলিম্পিয়াডের শিখন কৌশল একীভূতকরণ এবং এনসিটিবির প্রণীত শিক্ষক সংস্করণ/শিক্ষক সহায়িকা/শিক্ষক নির্দেশিকায় অন্তর্ভুক্তিকরণ। | [২.৯.১] নির্ধারিত সময়ে অন্তর্ভুক্তকৃত। | উন্নয়ন অনুবিভাগ | এনসিটিবির প্রণীত শিক্ষক সংস্করণ/শিক্ষক সহায়িকা/শিক্ষক নির্দেশিকায় অন্তর্ভুক্তির অনুলিপি। |
| [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন। | [৩.১.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়িত বিদ্যালয়। | উন্নয়ন অনুবিভাগ | প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র। প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী। |
| [৩.২] শিক্ষকদের বদলী কার্যক্রম অনলাইনে পরিচালনা। | [৩.২.১] নির্ধারিত সময়ে অনলাইন বদলী চালুকরণ। | উন্নয়ন অনুবিভাগ | নির্ধারিত তারিখে সফটওয়্যার চালুর স্ক্রীনশট ও সফটওয়্যারের লিংক। |
| [৩.৩] উপজেলা পর্যায় পর্যন্ত iBas++ সিস্টেমের মাধ্যমে বাজেট বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ। | [৩.৩.১] iBas++ সিস্টেমে বাজেট বাস্তবায়নকৃত Cost Centre। | বাজেট অনুবিভাগ | iBas++ এর লিংক এবং iBas++ থেকে নেয়া Cost Centre এর তালিকা। |
| [৪.১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে নিরক্ষরকে সাক্ষরতা দান। | [৪.১.১] নির্দিষ্ট সংখ্যক শিখনকেন্দ্র চালুকরণ। | উন্নয়ন অনুবিভাগ | শিখন কেন্দ্রের জেলাওয়ারী তালিকা। |
| | [৪.১.২] নির্দিষ্ট সংখ্যক নিরক্ষরকে সাক্ষরতা দান। | উন্নয়ন অনুবিভাগ। | শিক্ষার্থীদের তালিকা ও চূড়ান্ত মূল্যায়ন ফলাফল। |
| [৪.২] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন। | [৪.২.১] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত। | উন্নয়ন অনুবিভাগ | সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী। |
| [৪.৩] বিদ্যালয় বহির্ভূত ও ঝরে পড়া ৮-১৪ বছর বয়সী শিশুদের শিখন কেন্দ্রে ভর্তি। | [৪.৩.১] ভর্তিকৃত শিক্ষার্থী। | উন্নয়ন অনুবিভাগ | শিখন কেন্দ্র ও শিক্ষার্থীদের তালিকা। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| শ্রেণিকক্ষ নির্মাণ। | নির্মিত শ্রেণিকক্ষ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | নিয়মিত আন্ত-দপ্তর পর্যালোচনা সভা আয়োজন। |
| শিক্ষাবর্ষের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক বিতরণ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড | নিয়মিত আন্ত-দপ্তর পর্যালোচনা সভা আয়োজন। |

# সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় শিক্ষানীতি-২০১০, শিক্ষা মন্ত্রণালয়। | জাতীয় শিক্ষানীতি-২০১০ এর অধ্যায়-২৬, খ এর ২, পৃষ্ঠা-৬১। | [১.১] শিক্ষাবর্ষের শুরুতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | |
| ২ | নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা। | নির্বাচনী ইশতেহার ২০১৮ কর্মপরিকল্পনা এর ৩.৩ এর ১৬.১.৩, ৩.১৮ এর ২.১.৭, পৃষ্ঠা-৩৫, ৩.১৮ এর ৮, ৮.১.১, পৃষ্ঠা-৪৭ এবং ৩.৩ এর ১৬.১.১, পৃষ্ঠা ৫১। | [১.২] প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার লক্ষ্যে একটি ইন্টিগ্রেটেড ড্যাসবোর্ড প্রচলন, [১.৫] শ্রেণিকক্ষ নির্মাণ।, [১.৬] সকল প্রাপ্যতাযোগ্য শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম এবং [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্লান (স্লিপ)। | |
| ৩ | নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা।; ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, জুলাই-২০২০-২০২৫, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন; জাতীয় শিক্ষানীতি-২০১০, শিক্ষা মন্ত্রণালয়। | নির্বাচনী ইশতেহার ২০১৮ কর্মপরিকল্পনা এর ৩.১৮ এর ২.১.৫, পৃষ্ঠা-৩৪; ৩.১.১৫, পৃষ্ঠা-৪০ ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এর অধ্যায়-১১, পৃষ্ঠা-৬১৯; জাতীয় শিক্ষানীতি-২০১০ এর অধ্যায়-২ ও ২১, ২এর ২৭ অনুচ্ছেদ, ২১ এর কৌশল-৪, পৃষ্ঠা-২ অধ্যায়ের পৃষ্ঠা ৮ এবং ২১ অধ্যায়ের পৃষ্ঠা ৫১ | [২.১] শিক্ষার্থীর শ্রেণি কার্যক্রম, বাড়ির কাজ, ওয়ার্কশীট, অনলাইন পাঠদান, বার্ষিক পরীক্ষা, সমাপনী পরীক্ষা ইত্যাদির মূল্যায়ন | |
| ৪ | নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা। | নির্বাচনী ইশতেহার- ২০১৮ কর্মপরিকল্পনা এর ৩.১৮ এর ৩.১.১১, পৃষ্ঠা-৩৮। | [২.২] শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ প্রদান। | |
| ৫ | নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা।; টেকসই উন্নয়ন অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ, সাধারণ অর্থনীতি বিভাগ; জাতীয় শিক্ষা নীতি-২০১০, শিক্ষা মন্ত্রণালয়। | নির্বাচনী ইশতেহার- ২০১৮ কর্মপরিকল্পনা এর ৩.১৮ এর ৩.১,পৃষ্ঠা-৩৬; টেকসই উন্নয়ন অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ এর ৪.২ এর ৪.২.১, পৃষ্ঠা-২৪; জাতীয় শিক্ষা নীতি-২০১০ এর অধ্যায়-২, পৃষ্ঠা ৩। | [২.৩] প্রাক-প্রাথমিক শিক্ষকদের বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান। | |
| ৬ | টেকসই উন্নয়ন অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ, সাধারণ অর্থনীতি বিভাগ। | ৪ এর গ এর ৪.গ.১। | [২.৫] শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ প্রদান। | |
| ৭ | টেকসই উন্নয়ন অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ, সাধারণ অর্থনীতি বিভাগ। | টকসই উন্নয়ন অভীষ্ট, লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ এর ৪.১.১, ৪.২.২, ৪.ক.১, ৪.গ.১। | [২.৮] এপিএসসি প্রণয়ন ও প্রকাশ। | |
| ৮ | নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা। | নির্বাচনী ইশতেহার ২০১৮ কর্মপরিকল্পনা এর ৩.১৮ এর ৪.৩, পৃষ্ঠা-৪৯। | [২.৯] গণিত অলিম্পিয়ার্ড এর শিখন কৌশল একীভূতকরণ এবং এনসিটিবি প্রণীত শিক্ষক সংস্করণ/শিক্ষক সহায়িকা/শিক্ষক নির্দেশিকায় অন্তর্ভুক্তকরণ। | |
| ৯ | নির্বাচনী ইশতেহার- ২০১৮, অস্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি-৪। | নির্বাচনী ইশতেহার ২০১৮ এর ক্রমিক নং ৫.১.১, অস্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এর টেবিল ১১.৯ এর ১ম কলাম ও এসডিজি-৪। | [৪.১] জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে নিরক্ষরকে সাক্ষরতা দান। | |
| ১০ | নির্বাচনী ইশতেহার- ২০১৮। | নির্বাচনী ইশতেহার ২০১৮ এর ক্রমিক নং ৫.১.২। | [৪.৩] বিদ্যালয় বহির্ভূত ও ঝরে পড়া ৮-১৪ বছর বয়সী শিশুদের শিখন কেন্দ্রে ভর্তি। | |
| ১১ | নির্বাচনী ইশতেহার- ২০১৮। | নির্বাচনী ইশতেহার ২০১৮ এর ক্রমিক নং ৫.২.৮। | [৪.২] আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন। | |

# সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ